


প্রতিবন্ধী দিবসে সিডিএ'র উদ্যোগে করোনা প্রতিরোধ সামগ্রী ও খাবার বিতরণ

 নিজস্ব প্রতিবেদক

2 months ago



প্রতিবন্ধী শিশুদের করোনা প্রতিরোধ সামগ্রী ও খাবার বিতরণের মধ্য দিয়ে বেসরকারি উন্নয়ন সংস্থা সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যাকশন (সিডিএ) দিবসটি উদযাপন করে। গত বৃহস্পতিবার (০৩ ডিসেম্বর- ২০২০) ২৯তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২২তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে তারা এ কর্মসূচী পালন করে।

এ বছর আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবসের প্রতিপাদ্য হচ্ছে 'কোভিড-১৯ প্রেক্ষাপটে প্রতিবন্ধী ব্যক্তিকে সম্পৃক্ত করি, নতুনভাবে টেকসই বিশ্ব গড়ি'। বাংলাদেশের জন্য দিবসটি অতীব গুরুত্বপূর্ণ কারণ দেশের মোট জনসংখ্যার ৯.১ শতাংশ মানুষই প্রতিবন্ধী। করোনা মহামারী এই সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অবহেলা ও বৈষম্য আরো কয়েকগুণ বাড়িয়ে দিয়েছে।

পূর্ব-নির্ধারিত কর্মসূচি হিসেবে সিডিএ'র স্বেচ্ছাসেবক টিম বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় সাভারস্থ সেন্টার ফর দ্য রিহ্যাবিলিটেশন অফ দ্য প্যারালাইজড (সিআরপি)-তে পৌঁছেন। তারপর দুপুর ১২:০০ টায় সিআরপি'র পেডিয়াট্রিক ইউনিট ও সিপি হোস্টেলের মোট ১০০ জন প্রতিবন্ধী শিশুর প্রত্যেককে মাস্ক, হাত ধোয়ার সাবান ও দুপুরের খাবার বিতরণ করেন। উল্লেখ্য যে, এইসব শিশুদের বয়স ছিল ৩ থেকে ১২ বছর পর্যন্ত।